207

দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1997
পৃষ্ঠা ৮ কলাম ১

# বৃটেনে 'এ' লেভেল পরীক্ষায় বাংলা ভাষা অন্তর্ভুক্তির বিষয়ে মতবিনিময়

শিক্ষামন্ত্রী এএইচকে সাদেক লন্ডন সফরকালে গত বুধবার আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক বৃটিশ সেক্রেটারী অব স্টেট মিঃ ক্লেয়ার সর্ট এমপি-এর সঙ্গে দেখা করেন। খবর তথ্য বিবরণীর।

উভয় মন্ত্রী আলোচনাকালে দু'দেশের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। বাংলাদেশের শিক্ষামন্ত্রী বৃটেনে ব্যসবাসকারী বাঙ্গালীদের এ লেভেল মানে বাংলা ভাষা পরীক্ষা বিষয়ে বৃটিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন। শিক্ষামন্ত্রী বৃটেনে এ লেভেল পরীক্ষায় বাংলা ভাষা বিষয় পুনরায় অন্তর্ভুক্ত করার অনুরোধ জানালে বৃটিশ মন্ত্রী তা ইতিবাচক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করার আশ্বাস দেন। উল্লেখ্য, বৃটেনে সম্প্রতি এ লেভেল পরীক্ষায় বাংলা ভাষা বিষয় বাদ দেয়া হয়েছিল।

উভয় মন্ত্রী বাংলাদেশের প্রাথমিক শিক্ষা ও বয়স্ক শিক্ষায় বৃটিশ সহায়তার বিষয়ে মতবিনিময় করেন।

এর আগে শিক্ষামন্ত্রী জনাব সাদেক লন্ডনে বসবাসরত বাঙালীদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন এবং স্থানীয় বাঙালী ছাত্রদের বিভিন্ন শিক্ষা সমস্যা বিষয়ে অবহিত হন।